**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 22-02-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, জিএসটি চালু হওয়ার পর থেকে সারা দেশের সঙ্গে রাজ্যের জনগণও প্রত্যক্ষ ও পরোক্ষভাবে উপকৃত হচ্ছেন ।**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী সোমবার বিহারের ভাগলপুর থেকে প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি প্রকল্পের ১৯তম কিস্তি প্রদান করবেন ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন।**

**(৪) সদরের অনূর্ধ্ব ১৫ বছরের ক্রিকেট প্রতিযোগিতায় চাম্পামুড়া কোচিং সেন্টার চ্যাম্পিয়ন হয়েছে ।**

**************************************************

**CM-GST :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, পণ্য ও পরিষেবা কর অর্থাৎ জিএসটি চালু হওয়ার পর থেকে সারা দেশের সঙ্গে রাজ্যের জনগণ প্রত্যক্ষ ও পরোক্ষভাবে উপকৃত হচ্ছেন। ২০১৭-১৮ অর্থবর্ষ থেকে রাজ্যেও জিএসটি সংগ্রহ ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। ২০২৩-২৪ অর্থবর্ষে জিএসটি সংগ্রহ ৫১০ কোটি টাকার উপরে পৌঁছেছে। একইসঙ্গে ইন্টিগ্রেটেড জিএসটি সেটেলমেন্টও ১ হাজার কোটি টাকা অতিক্রম করেছে। সরকারের কার্যকর নীতি, দক্ষ প্রশাসন এবং প্রযুক্তিগত অগ্রগতির ফলেই তা সম্ভব হয়েছে। আজ আগরতলার প্রজ্ঞাভবনে অর্থ দপ্তরের ট্যাক্সেস অর্গানাইজেশন আয়োজিত জিএসটি সচেতনতামূলক অভিযানের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী একথা বলেন। তিনি বলেন, রাজ্য সরকার রাজস্ব বৃদ্ধির পাশাপাশি কার্যকর ও ন্যায়সঙ্গত কর ব্যবস্থা নিশ্চিত করতে একাধিক উদ্যোগ গ্রহণ

করেছে। এরই অঙ্গ হিসেবে ২০১৮ সালের আগস্ট মাসে ত্রিপুরা রোড ডেভেলপমেন্ট সেস চালু করা হয়েছিল, যা রাজ্যের রাজস্ব বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। ২০১৮-১৯ অর্থবর্ষে এই সেস সংগ্রহের পরিমাণ ছিল ২৭ কোটি ৭৫ লক্ষ টাকা, যা ২০২৩-২৪ অর্থবর্ষে বেড়ে ৩৭৪ কোটি ৫২ লক্ষ টাকা হয়েছে।

তিনি আরও বলেন, জিএসটি জ্ঞান কেন্দ্র চালু হওয়ার ফলে করদাতাদের ট্যাক্স ফাইলিং করা সহজতর হবে। তাছাড়া চ্যাটবট সুবিধা চালুর ফলে করদাতা, আধিকারিক এবং সাধারণ মানুষ উপকৃত হবেন। সেস রাজস্ব ৫৮ শতাংশ বৃদ্ধি পেয়েছে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী জিএসটি জ্ঞান কেন্দ্রের উদ্বোধন এবং জিরো ফেক রেজিস্ট্রেশান মিশন-এর সূচনা করেন।

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বলেন, জিএসটি চালু হওয়ায় রাজ্যে কর ব্যবস্থায় স্বচ্ছতা এবং কর বৃদ্ধি প্রতিফলিত হচ্ছে। জিএসটি জ্ঞান কেন্দ্র, মিশন জিরো ফেক রেজিস্ট্রেশান, কর সাথী পোর্টাল চালু জনগণ ও করদাতাদের সহায়ক হবে। মুখ্যসচিব জে কে সিনহা এ.আই চালিত চ্যাটবট 'কর সাথী'র সূচনা করেন।

*******************************

**PM-KISAN :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী সোমবার বিহারের ভাগলপুর থেকে প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি প্রকল্পের ১৯তম কিস্তি প্রদান করবেন। এই প্রকল্পে জমির মালিকানা রয়েছে এমন কৃষকদের তিন কিস্তিতে বার্ষিক ছয় হাজার টাকা প্রদান করা হয়। কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন যে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের প্রকল্প সম্পর্কে সচেতনতা তৈরির জন্য কিস্তি প্রদানের দিনটিকে কিষাণ সম্মান সমারোহ হিসেবে পালন করা হবে। তিনি বলেন, সারা দেশে ৯ কোটি ৮০ লক্ষেরও বেশি কৃষক সরাসরি সুবিধা হস্তান্তরের মাধ্যমে ২২ হাজার কোটি টাকারও বেশি আর্থিক সহায়তা পাবেন। শ্রী চৌহান বলেন, কৃষক কল্যাণ মোদী সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার। তিনি বলেন, প্রধানমন্ত্রী-কিষাণ প্রকল্পের আওতায় দেশের ১১ কোটিরও বেশি কৃষক পরিবারকে এখন পর্যন্ত ৩কোটি

৪৬ লক্ষ টাকারও বেশি ঋণ বিতরণ করা হয়েছে। তিনি উল্লেখ করেন যে, সারা দেশে ৭৩১টি কৃষি বিজ্ঞান কেন্দ্রেও এই কর্মসূচির আয়োজন করা হবে।

*************************

**Tripura Literature Festival :**

আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে উড়ান আয়োজিত ত্রিপুরা সাহিত্য উৎসবের আজ দ্বিতীয় দিনের প্রথম পর্বে আলোচনা করেন অশোকচক্র বিজয়ী উইং কমান্ডার মহাকাশচারী রাকেশ শর্মা, বিশিষ্ট গীতিকার অঞ্জন দত্ত। দ্বিতীয় পর্বে সাহিত্যচর্চায় অংশগ্রহণ করেন শ্রীলংকার বিশিষ্ট অনুবাদ সাহিত্যিক রেশমিকা মন্ডাওয়ালা, তেলেঙ্গানার বিশিষ্ট সাহিত্যিক ডি শ্রীনিবাসচারিয়া, রাজ্যের বিশিষ্ট ককবরক সাহিত্যিক নরেশ দেববর্মা, ক্রাইরি মগ চৌধুরী। তৃতীয় পর্বের আলোচনায় অংশ নেন আসামের বিশিষ্ট সাহিত্যিক অনুরাধা পূজারী, রাজ্যের বিশিষ্ট রবীন্দ্র গবেষক বিকচ চৌধুরী, কলকাতা বিশিষ্ট সাহিত্যিক চন্দ্রিমা রায়।

**************************

**PM-JAY-UNAKOTI :**

ভারত সরকারের আয়ুষ্মান ভারত-প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনায় ঊনকোটি জেলাতে ১ লক্ষ ১৬ হাজার ৫০২ জন আয়ুষ্মান কার্ড পেয়েছেন। এরমধ্যে ১৭ হাজার ৮৭৮ জন বিনামূল্যে চিকিৎসার সুযোগ নিয়েছেন। এর জন্য ব্যয় হয়েছে ৬ কোটি ৬০ লক্ষ ৩৪ হাজার ২১৫ টাকা। কৈলাশহরের সুবিধাভোগী বিনয় দেব এই যোজনার সুবিধা পেয়ে খুশি। তিনি এজন্য ভারত সরকার ও প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানিয়েছেন।

#######Byte-Binoy Deb########

******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন। এটি হল মন-কি-বাত অনুষ্ঠানের ১১৯তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে।

**************************

**Mahakumbh :**

এখন মহাকুম্ভের খবর

#######Sound Byte########

প্রয়াগরাজের মহাকুম্ভের আজ ৪১তম দিন। শুধুমাত্র আজই সকাল থেকে বেলা ১২টা পর্যন্ত ৭১ লক্ষ ১৮ হাজার ভক্ত পূণ্যস্নান করেছেন। ১৩

জানুয়ারি থেকে শুরু করে এপর্যন্ত ৬০ কোটি দু'লক্ষেরও বেশি ভক্ত পূণ্যস্নান করেছেন।উল্লেখ্য, গত ১৩ জানুয়ারি থেকে শুরু হওয়া কুম্ভমেলা চলবে আগামী ২৬শে ফেব্রুয়ারি পর্যন্ত। মহাকুম্ভে এই নিয়ে ৩টি অমৃতস্নান সম্পন্ন হয়েছে। পরবর্তী পুণ্যস্নান হবে আগামী ২৬শে ফেব্রুয়ারী মহা শিবরাত্রির দিন।

#######Sound Byte########

*****************************

**World Thinking Day :**

বিশ্ব চিন্তন দিবস উপলক্ষ্যে আজ ক্রীড়া দপ্তর, ভারত স্কাউটস এন্ড গাইডসের যৌথ উদ্যোগে বাধারঘাটের স্পোর্টস কমপ্লেক্সের রাইমা সুইমিং পুল প্রাঙ্গনে এক রক্তদান শিবির ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন ক্রীড়া ও যুব বিষয়ক মন্ত্রী টিঙ্কু রায়, ক্রীড়া দপ্তরের সচিব প্রদীপ কুমার চক্রবর্তী প্রমুখ। মন্ত্রী শ্রী রায় বলেন স্কাউটস্ এন্ড গাইডস্ দীর্ঘ ৩৬ বছর ধরে ক্রীড়া দপ্তরের সঙ্গে কাজ করছে। শিবিরে ৪০ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

*******************************

**Distribution :**

ঊনকোটি জেলার পেঁচারথলের নবীনছড়াতে আজ এক অনুষ্ঠানে ৬৫০ জন মহিলার মধ্যে শাড়ি ও রিগনাই বিতরণ করা হয়। A.D.C সদস্য বিমল কান্তি চাকমার নির্বাচনী এলাকা উন্নয়ন তহবিল থেকে এগুলি বিতরণ করা হয়। তাছাড়া দুটি কীর্তনিয়া দল সহ চারটি টিমের হাতে বাদ্যযন্ত্র তুলে দেওয়া হয়। উপস্থিত ছিলেন কারামন্ত্রী শান্তনা চাকমা, বি,এ,সি'র চেয়ারম্যান সজল চাকমা, A.D.C'র জোনাল উন্নয়ণ আধিকারিক দিলীপ কুমার ত্রিপুরা প্রমুখ।

****************************

**Judicial Employees Conference :**

আগরতলা টাউন হলে আজ ত্রিপুরা জুডিশিয়াল এমপ্লয়িজ অ্যাসোসিয়েশনের ১৫তম দ্বিবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। উপস্থিত ছিলেন অ্যাডভোকেট জেনারেল শক্তিময় চক্রবর্তী, পশ্চিম জেলার জেলা ও দায়রা বিচারক শুভাশিস শর্মা রায়। স্বাগত ভাষণ দেন অ্যাসোসিয়েশনের সাধারন সম্পাদক দিলীপ বিশ্বাস।

*********************

**BJP :**

B.J.P'র উদ্যোগে আজ ঊনকোটি জেলার মাছমারা টাউন হলে এক সভা অনুষ্ঠিত হয়। এখানে বক্তারা কেন্দ্র ও রাজ্য সরকারের গনমুখী কর্মধারা সম্পর্কে আলোকপাত করেন। উপস্থিত ছিলেন BJP'র প্রদেশ সাধারণ সম্পাদক তথা বিধায়ক ভগবান চন্দ্র দাস, A.D.C সদস্যা স্বপ্না রাণী দাস, জিলা পরিষদের সহকারী সভাধিপতি সন্তোষ ধর প্রমুখ।

****************************

**Under 15 Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সদরের অনূর্ধ্ব ১৫ বছরের ক্রিকেট প্রতিযোগিতায় চাম্পামুড়া কোচিং সেন্টার চ্যাম্পিয়ন হয়েছে। আজ আসরের ফাইন্যাল খেলায় চাম্পামুড়া কোচিং সেন্টার ৩ উইকেটে এ ডি নগর কোচিং সেন্টারকে পরাজিত করে। নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে এ ডি নগর কোচিং সেন্টার প্রথমে ব্যাট করতে নেমে ৪৯ ওভার ৩ বল-এ সবকটি উইকেট হারিয়ে ১৭১ রান করে। জবাবে চাম্পামুড়া কোচিং সেন্টার ৪০ ওভার ৩ বল-এ ৭ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান সংগ্রহ করে নেয়।

*************************

**All India Police Football :**

আগামী ২৪শে ফেব্রুয়ারি থেকে রাজ্যে শুরু হচ্ছে ৭৩তম বিএন মল্লিক স্মৃতি অল ইন্ডিয়া পুলিশ ফুটবল চ্যাম্পিয়নশিপ। এই প্রতিযোগিতায় যোগ

দেওয়ার জন্য বহির্রাজ্যের সবকটি দল ইতিমধ্যে রাজ্যে এসে পৌঁছে গেছে। আজ সন্ধ্যায় আগরতলায় পৌঁছেছে গুজরাট, বিহার, উত্তর প্রদেশ এবং পশ্চিমবঙ্গের ফুটবল দল। উল্লেখ করা যেতে পারে এই টুর্নামেন্টে মোট ৪৫টি দল অংশ নেবে। এরমধ্যে বহির্রাজ্যে রয়েছে ৪৩টি ও ত্রিপুরার ২টি দল। এই টুর্নামেন্টে মহিলা দল রয়েছে ৯টি। এই প্রতিযোগিতা চলবে ৭ই মার্চ পর্যন্ত।

২৫টি রাজ্য, ৪টি কেন্দ্রশাসিত অঞ্চল এবং ৭টি কেন্দ্রীয় বাহিনী থেকে ১,৫০০-এর মতো ফুটবলার এই প্রতিযোগিতায় অংশ নিচ্ছেন। রাজ্যের ৫টি অ্যাস্ট্রোটার্ফ ফুটবল মাঠে প্রতিযোগিতার ম্যাচগুলি হবে। আগরতলার পাশাপাশি জিরানীয়া, মোহনপুর, জম্পুইজলা এবং উদয়পুরে পুরুষ ও মহিলা ফুটবলাররা তাদের ক্রীড়া নৈপুণ্য প্রদর্শন করবেন। লিগ কাম নক আউট পর্যায়ে অনুষ্ঠেয় এই প্রতিযোগিতার নক আউট পর্যায়ের অধিকাংশ ম্যাচই হবে আগরতলায়। সব মিলিয়ে প্রতিযোগিতায় ১০২টি ম্যাচ হবে। এরমধ্যে পুরুষ ফুটবল টিম ৮১টি এবং মহিলা ফুটবল টিম ২১টিতে অংশ নেবে। বেশ কয়েকটি ম্যাচ দিনরাতের আলোয় খেলা হবে। উদ্বোধনী ম্যাচে গতবারের চ্যাম্পিয়ন মিজোরাম উত্তরপ্রদেশের মুখোমুখি হবে।

******************************

**Women's Cricket :**

টিসিএ পরিচালিত মহিলাদের আমন্ত্রণমূলক সীমিত ওভারের সিনিয়র ক্রিকেট প্রতিযোগিতার সুপার সিক্সের খেলা আজ থেকে শুরু হয়েছে। এতে প্রথম দিনে দুটি খেলা হয়। তালতলা মাঠে মৌচাক ক্লাব ৫ উইকেটে এগিয়ে চলো সংঘকে এবং নরসিংগড়ের পিটিএ মাঠে ব্লাডমাউথ ক্লাব ২৭১ রানে আগরতলা কোচিং সেন্টারকে পরাজিত করে।

******************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের কিছু কিছু জায়গা হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল

তাপমাত্রা সর্বোচ্চ ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৮ ডিগ্রী সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সর্তকতা জারি করা হয়েছে।

***************************